গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৮.১৬.৬৮৮

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০
০৩ মে ২০২৩

**বিষয়: গাজীপুর জেলাধীন শ্রীপুর পৌরসভা কর্তৃক লবণদহ নদী (লবলং খাল) দখল ও দূষণের অভিযোগ সংক্রান্ত।**

সূত্র : জাতীয় নদী রক্ষা কমিশন এর স্মারক নং: ১৮.২০.০০০০.০১৮.৯৯.০৩২.২২-৩৭০, তারিখ: ৩০ মার্চ ২০২৩;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে গাজীপুর জেলাধীন শ্রীপুর পৌরসভা লবণদহ নদী (লবলং খাল) অবৈধভাবে দখল করে স্তুপীকৃত আকারে বর্জ্য ডাম্পিং করছে মর্মে অভিযোগ করা হয়েছে। উক্ত স্তুপীকৃত বর্জ্য জরুরি ভিত্তিতে অপসারণ, ডাম্পিং স্টেশন নির্ধারণ এবং জনসচেতনতামূলক সাইনোবোর্ড লাগানোর জন্য জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

২। উল্লেখ্য, মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন ১৩৯৮৯/২০১৬ মূলে মাননীয় আদালত জাতীয় নদী রক্ষা কমিশনকে দেশের সকল নদ-নদী দূষণ ও দখলমুক্ত করে সুরক্ষা, সংরক্ষণ ও উন্নয়নের জন্য আইগত অভিভাবক (Person in loco paremtis) হিসেবে ঘোষণা করা হয়েছে। কিন্তু, শ্রীপুর পৌরসভার পক্ষ হতে জাতীয় নদী রক্ষা কমিশনের নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে না।

৩। এমতাবস্থায়, জাতীয় নদী রক্ষা কমিশনের মতামত অনুযায়ী গাজীপুর জেলাধীন শ্রীপুর পৌরসভা কর্তৃক লবণদহ নদী (লবলং খাল) এর অবৈধ দখল ও দূষণের দায়ে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ বিষয়ে ৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ বর্ণনামতে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র
শ্রীপুর পৌরসভা
গাজীপুর

অনুলিপি:

১. চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (লেভেল-১৬), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)